

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৫৭.০৫৭.২০১২-১০৯


তারিখ-১২/০২/২০১৮খ্রি.

বিষয় : আগামী ৮-১২ মার্চ, ২০১৮ তারিখে হাইমচর উপজেলায় অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জাতীয় কমিউনিটি ক্যাম্প অনুষ্ঠানে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা এর পত্র সংখ্যা-১৭৪৯, তারিখ : ১৮/০১/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৮-১২ মার্চ, ২০১৮ তারিখে হাইমচর উপজেলার চরভাঙ্গাতে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জাতীয় কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্প (কমডেকা) অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করবেন মর্মে উল্লেখ রয়েছে। ৬ষ্ঠ জাতীয় কমডেকার থীম হলো 'টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং'।।

এমতাবস্থায়, ৮-১২ মার্চ, ২০১৮ তারিখে হাইমচর উপজেলার চরভাঙ্গাতে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জাতীয় কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্প (কমডেকা) কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ জাহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণ : কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, হাইমচর উপজেলা পরিষদ, চাঁদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, হাইমচর, চাঁদপুর।।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. উপ-সচিব (উপজেলা-১/ প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।



পত্র নং- বাঃস্কাঃ কমডেকা- ১৭৪৯/২০১৮

বিষয় : বাংলাদেশ স্কাউটস এর ৬ষ্ঠ জাতীয় কমডেকা বাস্তবায়নের জন্য আর্থিক অনুদান প্রদান প্রসঙ্গে

স্বাক্ষর

তারিখ : ৫ মার্চ, ১৪২৪
স্বাক্ষর : *[Signature]*
তারিখ : ৫ মার্চ, ১৪২৪

১) যুগ্ম-সচিব (নঃ উঃ-১)	* উপস্থাপন করুন
২) সচিব (সি.সি.-১)	* প্রয়োজনীয় ব্যবস্থা নিম্ন
৩) উপ-সচিব (সি.সি.-২)	* জরুরী ভিত্তিতে গেষ করুন
৪) উপ-সচিব (পৌঃ-১)	* আলোচনা করুন
৫) সিনিয়র মহঃ সচিব (পৌঃ-২)	* সভায় অংশগ্রহণ করুন

আনন্দের সাথে জানাচ্ছি যে, 'বাংলাদেশ স্কাউটস' - এর উদ্যোগে চাঁদপুর জেলার হাইমচর উপজেলার "চরভাঙ্গা"য় আগামী ৮-১২ মার্চ ২০১৮, ৬ষ্ঠ জাতীয় কমডেকা- কমিউনিটি ডেভলপমেন্ট ক্যাম্প (Comdeca-Community Development Camp) অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত ক্যাম্পে দেশ-বিদেশের প্রায় সাত হাজার স্কাউট, রোভার স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমডেকার শুভ উদ্বোধন ঘোষণা করবেন মর্মে আশা করা হচ্ছে। এছাড়াও মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ ও সরকারের পদস্থ কর্মকর্তাগণ কমডেকার বিভিন্ন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

পদ্মা-মেঘনার মোহনায় আবহমান বাংলার ঐতিহ্য ও গ্রামীণ জনপদের সাথে স্কাউট ও রোভার স্কাউটদের পরিচিত করা সহ কমডেকা প্রোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে যুব বয়সীদেরকে তথ্য প্রযুক্তি জ্ঞান সম্পন্ন দক্ষ জনসম্পদ হিসেবে গড়ে তোলাই এবারের কমডেকা আয়োজনের অন্যতম লক্ষ্য। কমডেকার শিক্ষা যুব বয়সীদের শান্তিময় জীবন গঠনে সহায়ক হবে। সে লক্ষ্যেই ৬ষ্ঠ জাতীয় কমডেকা ২০১৮ এর থীম নির্ধারণ করা হয়েছে "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং" (Scouting For Sustainable Development)।

রাজধানীর ব্যস্ত জীবনের বাইরে চাঁদপুর জেলাধীন পদ্মা-মেঘনা অববাহিকার চরাঞ্চলে কমডেকা বাস্তবায়নের উদ্যোগ বাংলাদেশ স্কাউটস-এর একটি প্রশংসনীয় পদক্ষেপ। কমডেকায় অংশগ্রহণকারীদের জন্য সাময়িক আবাসন, বিদ্যুৎ, পানি, স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও চ্যালেঞ্জিং কার্যক্রম সম্বলিত কমডেকা প্রোগ্রাম বাস্তবায়নসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রায় তিন কোটি টাকার একটি বজেট প্রনয়ন করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস-এর আর্থিক সীমাবদ্ধতার কারণে কমডেকার এর এই ব্যয় বহন করা অত্যন্ত কষ্টকর। যুব বয়সীদের উন্নত প্রশিক্ষণের মাধ্যমে আদর্শ নাগরিক গড়ে তোলার এ আন্দোলনে সরকারের সকল বিভাগ/দপ্তর/সংস্থার সর্বপ্রকার সহযোগিতা প্রয়োজন।

বিশেষতঃ কমডেকায় প্রায় ৭০০০ অংশগ্রহণকারীর ব্যবহারের জন্য প্রয়োজনীয় সেনিটেশনসহ বিশুদ্ধ পানি সরবরাহের কাজগুলো আপনার নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে সম্পাদন করার ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ বিগত সময়ের ন্যায় এবারও বাংলাদেশ স্কাউটস-এর পাশে থাকবে এটা আমাদের দৃঢ় বিশ্বাস। তৎপ্রেক্ষিতে আসন্ন ৬ষ্ঠ জাতীয় কমডেকা বাস্তবায়নে আপনার বিভাগের আওতাধীন চাঁদপুর জেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরসহ চাঁদপুর জেলা পরিষদ এবং হাইমচর উপজেলা পরিষদ এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ জানাই।

স্বাক্ষর

আপনারই-

জনাব আব্দুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	৬) প্রশাসন
২) মহাপরিচালক	৭) উন্নয়ন
৩) যুগ্ম-সচিব	৮) নগর উন্নয়ন
	৯) পানি
	১০) আইন

স্বাক্ষর : *[Signature]*

(মো: মাহফুজুর রহমান)
জাতীয় কমিশনার (আইসিটি)
বাংলাদেশ স্কাউটস
ও
চেয়ারম্যান (সচিব)

ভূমি সংস্কার বোর্ড, বাংলাদেশ, ঢাকা